

জয় বাংলা



**বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া ইন্ক**  
**The Bangladesh Awami League, Australia Inc.**  
6/10 Flack Avenue Hillsdale NSW 2036 Australia  
Ph:61-2-9661 1706 Fax: 61-2-9212 0621  
Regd. No. : INC. 9875678

জয় বঙ্গবন্ধু



## বঙ্গবন্ধুর পাঁচ খুনির ফাঁসির রায় কার্যকর হওয়ায় বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার আনন্দ ও শোকরানা আদায়

২৮ জানুয়ারী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের পাঁচ খুনি সৈয়দ ফারুক রহমান, বজলুল হুদা, সুলতান শাহরিয়ার, একেএম মহিউদ্দিন ও মহিউদ্দিন আহমেদের ফাসি কার্যকর করায় তাৎক্ষণিকভাবে বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া সন্ধ্যায় সিডস্থি রোজবেরীতে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ব্যারিস্টার সিরাজুল হক।

সমাবেশের শুরুতে ১৫ আগস্টে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদদের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন ও শোকরানা আদায় করা হয়।

সমাবেশে বক্তারা বলেন, আজ আমরা আনন্দিত ও শোকাকিত্ত। দীর্ঘ ৩৫ বছর পর হলেও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যাকাণ্ডের বিচার সম্পন্ন হওয়ায় জাতির কলংক মোচন সম্ভব হয়েছে। জাতি হিসেবে বাঙালিরা দায়মুক্ত হলো এবং দেশে গণতন্ত্র ও আইনের শাসন প্রতিষ্ঠায় নতুন অধ্যায় সূচিত হলো। বক্তারা আরো বলেন, এ বিচারের মাধ্যমে আরেকটি বিষয় প্রমানিত হলো যে, অন্যায় করে কেউ পার পায় না, ভবিষ্যতেও পাবে না। অপরাধী যত বড় ক্ষমতবানই হোক না কেন তাকে বিচারের মুখোমুখী হতে হবে। এ সমাবেশে জেলহত্যা মামলা, সাবেক সংসদ সদস্য আহসানউল্লা মাস্টার হত্যা মামলা, সাবেক অর্থমন্ত্রী কিবরিয়া হত্যা মামলা ও ২১শে আগস্ট থ্রেনেট হামলার সকল খুনিদের বিচার দাবী করা হয়। দেশ ও জাতির উন্নয়নে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার প্রত্যয়ের মধ্যদিয়ে সমাবেশের সমাপ্তি হয়। সমাবেশ শেষে সকলের মাঝে মিষ্টি বিতরণ করা হয়।

সমাবেশে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়ার প্রধান উপদেষ্টা গামা আব্দুল কাদির, উপদেষ্টা ড. বোরহান উদ্দিন, সহ-সভাপতি গাউসুল আলম শাহজাদা, সাংগঠনিক সম্পাদক মাহবুবুর রহমান, সাংস্কৃতিক সম্পাদক ইমদাদুল হক বকুল, সহ-সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী শিকদার, যুগ্ম সম্পাদক আহসান কবির, মহিলা বিষয়ক সম্পাদিকা বিলকিস জাহান, কোষাধ্যক্ষ এম আর খান সুমন, প্রচার সম্পাদক লিয়াকত আলী লিটন, দপ্তর সম্পাদক আব্দুল বারেক, ও কার্যনির্বাহী সদস্য সাদেকুর রহমান, আরিফ খান, মামুন মিঞা প্রমুখ। সংগঠনের সাধারণ সম্পাদক পিএস চুন্নু সমাবেশ অনুষ্ঠানটি পরিচালনা করেন।

লিয়াকত আলী লিটন

প্রচার সম্পাদক,

বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া